# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) সদ্যপ্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর শেষকৃত্য সম্পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় আজ নতুন দিল্লীর নিগমবোধ ঘাটে সম্পন্ন/

২) আসাম সরকারের সব প্রকল্পের জন্যে এখন থেকে রেশন কার্ডকেই মূল প্রমাণপত্র হিসেবে বিবেচনা করা হবে বলে রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারীর প্রকাশ/

৩) আগামী পয়লা জানুয়ারী থেকে রাজ্য সরকারের কর্মচারীদের পারস্পরিক বদলি সংক্রান্ত পোর্টাল পুনরায় খোলা হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ /

এবং

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল বেলা ১১টায় আকাশবাণীর মন-কী-বাত অনুষ্ঠানের ১১৭ তম সংস্করণ/

---

সদ্য প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর শেষকৃত্য সম্পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় আজ নতুন দিল্লীর নিগমবোধ ঘাটে সম্পন্ন হয়েছে । শেষকৃত্যের পূর্বে শিখ পুরহিত এবং প্রাক্তন প্রধানমন্ত্রীর পরিবারের লোকজন গুরুবাণী পাঠ করেন । গার্ড-অব-অনার প্রদর্শনের পর রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু , উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকড় , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং , স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , স্বাস্থ্যমন্ত্রী জে পি

নাড্ডা , এবং লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা ডক্টর সিং-এর প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেন । কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে সহ সোনিয়া গান্ধী , রাহুল গান্ধী এবং দলের অন্যান্য নেতারাও প্রাক্তন প্রধানমন্ত্রীর নশ্বর দেহে পুষ্পার্ঘ অর্পণে করেন । স্থলসেনাধ্যক্ষ জেনারেল উপেন্দ্র দ্বিবেদী , নৌসেনা প্রধান এডমিরাল দীনেশ কে ত্রিপাঠি , বায়ু সেনা প্রধান এয়ার চিফ মার্শাল অমরপ্রীত সিং , ভূটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুক এবং মরিশাসের বিদেশমন্ত্রী ধনঞ্জয় রামফুলেও প্রাক্তন প্রধানমন্ত্রীকে শেষ শ্রদ্ধা নিবেদন করেন । এর আগে ডক্টর মনমোহন সিং-এর নশ্বর দেহ পুষ্পসজ্জিত বাহন মাধ্যমে শোভাযাত্রা করে মতিলাল নেহেরু মার্গের বাসভবন থেকে আকবর রোডে থাকা কংগ্রেসের মুখ্য কার্যালয়ে নিয়ে যাওয়া হয় । কংগ্রেসের মুখ্য কার্যালয়ে দলীয় নেতা কর্মীরা প্রয়াত নেতার প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেন ।

উল্লেখ্য কেন্দ্রীয় মন্ত্রীসভা প্রয়াত প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর স্মৃতি সৌধ নির্মানের জন্য জমি বন্টনে অনুমোদন জানিয়েছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল নতুন দিল্লীতে এ কথা জানিয়ে বলেছেন যে কংগ্রেস সভাপতি মল্লিকার্জ্জুন খার্গের অনুরোধে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রী সভার বৈঠকে দিল্লীর একটি সুবিধাজন স্থানে এই জমি বন্টন করার সিদ্ধান্ত নেয়া হয় ।

এদিকে বি জে পি এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন এন ডি এ সরকারের দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভিত স্থাপন করা প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিংকে উপযুক্ত সম্মান প্রদান করতে বদ্ধপরিকর । বি জে পি সাংসদ তথা দলের মুখপাত্র সুধাংশু ত্রিবেদী এই মন্তব্য করেছেন । ডক্টর মনমোহন সিং-এর স্মৃতি সৌধ নির্মানের জন্য জমি বন্টন সম্পর্কে শ্রী ত্রিবেদী বলেন যে গতকালের মন্ত্রীসভার বৈঠকে প্রাক্তন প্রধানমন্ত্রীর স্মৃতিতে একটি স্মৃতি সৌধ নির্মানের সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি ইতিমধ্যেই কংগ্রেস দলকে জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আগামী ২৪ ফেব্রুয়ারী গৌহাটির সরুসোজাই ষ্টেডিয়ামে অনুষ্ঠেয় এডভান্টেজ আসাম সম্মেলনে ৮ হাজার নৃত্য শিল্পী ঝুমুর নৃত্য পরিবেশন করবেন । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এ কথা প্রকাশ করে বলেছেন যে এডভান্টেজ আসাম বিনিয়োগ সম্মিলনে আগামী ২৫ এবং ২৬ ফেব্রুয়ারী ঘরোয়া তথা বিদেশী বিনিয়োগকারীরা উপস্থিত থাকবেন । আসামের বর্তমান পরিবর্তিত পরিবেশ তথা দৃশ্যপট তাদের সামনে উপস্থাপন করার লক্ষ্যে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

--------------------------------------------------------------------------------------

আসাম সরকারের গ্রহণ করা সকল প্রকল্পের জন্য রেশন কার্ডকেই মূল প্রমাণপত্র হিসেবে বিবেচনা করা হবে । রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ আসাম সরকারের খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগের অর্ন্তগত নতুন রেশন কার্ড বিতরণ অনুষ্ঠানের অঙ্গ হিসেবে ওদালগুড়ি জেলার একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করো রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী একথা বলেন । উল্লেখ্য- রাজ্য সরকারের খাদ্য সুরক্ষা আইনের অধীনে ২০২৩-২৪ বর্ষে নতুন করে ৪২ লক্ষ ৮৫ হাজার ৭৪৫ জন নতুন সুবিধা প্রাপককে রেশন কার্ড প্রদান করে এর আওতায় নিয়ে আসা সম্ভব হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম পুলিশ আজ রাজ্যের বিভিন্ন অঞ্চলে অভিযান চালিয়ে মাদক দ্রব্য সরবরাহের অভিযোগে বেশকয়েকজনকে গ্রেপ্তার করেছে । মঙ্গলদৈর খারুপেটিয়াতে গুয়াহাটি থেকে আসা একটি বাসে তল্লাশি চালিয়ে পুলিশ বৃহৎ পরিমাণ মাদক দ্রব্য সহ একজন যুবককে গ্রেপ্তার করেছে । অনুরূপভাবে নগাঁওয়ের কচুয়াতে গোপন সূত্রের খবরের ভিত্তিতে চালানো অভিযানে একজন ড্রাগ্‌স সরবরাহকারীকে কচুয়া পুলিশ আটক করতে সক্ষম হয়েছে । ঐ জেলার রূপসীহাটে পুলিশ নেশাজাত সামগ্রী থাকা পাঁচটি কনটেইনার সহ দুজন সরবরাহকারীকে গ্রেপ্তার করেছে । এই বিষয়ে আরো তথ্য সংগ্রহ করতে পুলিশ বর্তমানে ধৃতদের জিজ্ঞাসাবাদ অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------------------

আগামী পয়লা জানুয়ারী থেকে রাজ্য সরকারি কর্মচারীদের পারস্পরিক ভিত্তিতে বদলির জন্য পোর্টাল খোলা হবে । এই পোর্টাল আগামী পয়লা জানুয়ারী থেকে ২৮ ফেব্রুয়ারী পর্যন্ত খোলা থাকবে । এই সময় আবেদন দাখিল তথা এই আবেদনের সত্যতা যাচাই করে দেখা হবে এর পর আবেদনপত্রসমূহ স্বয়ংক্রিয়ভাবে পোর্টালে পারস্পরিক বদলির জন্য আপ-লোড হবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল সামাজিক মাধ্যমযোগে এ কথা জানিয়েছেন । মুখ্যমন্ত্রীর তথ্য অনুসারে এই পোর্টালে আবেদন করার পর একই বিভাগের এবং একই পে-স্কেলের সরকারী কর্মচারীদের মধ্যে বদলির প্রচেষ্টা চালানো হবে । সম্পূর্ণ স্বচ্ছতার ভিত্তিতে এই প্রক্রিয়া সম্পন্ন করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীযোগে প্রচারিত মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের কাছে নিজের মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে এই অনুষ্ঠানের ১শো ১৭তম পর্ব । এই অনুষ্ঠান আকাশবাণী এবং দূরদর্শনের সবগুলি নেটওয়ার্ক ছাড়াও airnews ওয়েবসাইট এবং newsonair মোবাইল

এ্যাপেও প্রচার করা হবে । প্রধানমন্ত্রীর কার্যালয় , কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় , আকাশবাণী ও দূরদর্শনের ইউ-টিউব চ্যানেলযোগেও এই অনুষ্ঠান লাইভ-ষ্ট্রিমিং করা হবে । আকাশবাণীতে এই অনুষ্ঠান শেষ হওয়ার অব্যবহিত পরেই মন-কি-বাত অনুষ্ঠানের আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচারিত হবে ।

---

এ আই ডি এস ওর ৭১তম প্রতিষ্ঠা দিবস আজ দেশের বিভিন্ন স্থানের সঙ্গে শিলচরেও পালন করা হয়েছে । প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে সংগঠনের কাছাড় জেলা কমিটির কার্যালয়ে পতাকা উত্তোলন করেন এ আই ডি এস ও-জেলা সভাপতি স্বাগতা ভট্টাচার্য । বেলা ১১ টায় শিলচরের পেনশনার্স ভবনে আয়োজিত ছাত্র সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির সহ সভাপতি হিল্লোল ভট্টাচার্য । সভার উদ্দেশ্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন স্বপন চৌধুরী । উল্লেখ্য শিক্ষা ,সংস্কৃতি ও মানবতা রক্ষা ,জাতীয় শিক্ষা নীতি -২০-২০ বাতিল ,মাতৃভাষা মাধ্যমের সরকারী স্কুল রক্ষার প্রস্তাব নিয়ে কাছাড় ,শ্রীভূমি ,হাইলাকান্দি সহ গৌহাটী লক্ষীমপুর ,যোরহাট,তেজপুর ,নগাঁও ,মাজুলী ইত্যাদি স্থানেও আজ এ আই ডি এস ওর প্রতিষ্ঠা দিবস নানা কার্যসূচীর মাধ্যমে পালন করা হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল কোভিডের সময় থেকে বিশেষ ট্রেন হিসেবে চলাচল করা ৬০ টি ট্রেনকে পুনরায় ওই ট্রেনগুলির পূর্বের নম্বরে চলাচল করানোর সিদ্ধান্ত নিয়েছে । এরমধ্যে তিনসুকীয়া সংমন্ডলের অধীনে ১৯ জোড়া ট্রেন ,লামডিং সংমন্ডলের অধীনে ১৫ জোড়া ট্রেন এবং রঙ্গিয়া সংমন্ডলের অধীনে ছয় জোড়া ট্রেন রয়েছে ।

---

শ্রীভুমি জেলার এরালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আদর্শ মহাবিদ্যালয়ের এন এস এস ইউনিট , আই কিউ এ সি এবং সন্ত সুরদাস কমিউনিটি আই কেয়ার সেন্টারের যৌথ উদ্যোগে আজ বারইগ্রামের সিনিয়র সিটিজেনস হোমে চক্ষু পরীক্ষা ও দৃষ্টিশক্তি সংক্রান্ত সমস্যা প্রতিরোধে সচেতনতা শিবিরের আয়োজন করা হয় । পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আদর্শ মহাবিদ্যালয়ের অধ্যক্ষা ড.জয়শ্রী চক্রবর্তীর স্বাগত ভাষণের মাধ্যমে শিবিরের সূচনা হয় । এই চক্ষু পরীক্ষা শিবিরের দায়িত্বে ছিলেন অপ্টোমেট্রিস্ট আয়ান ভূঁইয়া ,জেলা দিব্যাঙ্গ পুনর্বাসন কেন্দ্রের নির্মল রবিদাস ,সক্ষমের সচিব রাহুল দাস এবং ড.মিঠুন রায় ।তাঁরা বিনামূল্যে চক্ষু পরীক্ষা করেন এবং দৃষ্টিশক্তি সংক্রান্ত সমস্যা প্রতিরোধে সচেতনতার বার্তা প্রদান করেন । শিবিরে ৪০জন প্রবীণ নাগরিক উপকৃত হন এবং তাঁদের হাতে প্রয়োজনীয় সামগ্রী তুলে দেওয়া হয় ।